

অরিষ ... 09 FEB 1988  
পৃষ্ঠা ... ১৩৮



০৩

## ইউকসু নির্বাচনে ভিপিসহ ৪টি হলে ছাত্র দলের নিরংকুশ বিজয়

।। স্টাফ রিপোর্টার ।।

গতকাল ইউকসু নির্বাচনে জাতীয়তাবাদী  
ছাত্র দল ভিপি এবং এজিএস পদে  
জয়লাভ করেছে। বাকি আসনগুলো ছাত্র  
সংগ্রাম পরিষদ এবং ছাত্র লীগ (সু-র)  
ছাত্র ইউনিয়নের মধ্যে ভাগাভাগি হয়েছে।

হল ছাত্র সংসদসমূহে ছাত্র দল নিরংকুশ  
সংখ্যাগরিষ্ঠতা অর্জন করে।

ইউকসুতে ভিপি পদে ছাত্র দলের ইকবাল  
কবীর সাগর, জিএস পদে ছাত্রলীগ-ছাত্র  
ইউনিয়নের আবদুস সবুর, এজিএস পদে  
ছাত্র দলের রাফেল-কবীর, সাহিত্য  
সম্পাদক পদে ছাত্র লীগ-ছাত্র ইউনিয়নের  
তামরা রহমান, ঝৌড়া সম্পাদক পদে ছাত্র  
লীগ-ছাত্র ইউনিয়নের সৈয়দ জাকির  
হোসেন, আপ্যায়ন সম্পাদক পদে ছাত্র  
লীগ-ছাত্র ইউনিয়নের মাকসুদুর রহমান  
খান ও বার্ষিকী সম্পাদক পদে ছাত্র  
সংগ্রাম পরিষদের আনিসুল হক মিঠুন  
জয়লাভ করেছেন।

রাত ১২টায় ৪টি হলের ফলাফল জানা  
গেছে। এসব হলে ছাত্র দল নিরংকুশ  
জয়লাভ করেছেন।

সংখ্যাগরিষ্ঠতা অর্জন করেছে। ছাত্র দল  
শেরে বাংলা হলে ভিপি ও জিএস-সহ  
৮টি আসন, ডঃ রশীদ হলে ভিপি ও  
জিএস-সহ ১০টি আসন, সোহরাওয়ার্দী  
শের পঃ ২-এর কঃ দেখান

### ইউকসু নির্বাচন

প্রথম পৃষ্ঠার পর

হলে ভিপি-সহ ৫টি আসন এবং তিতুমীর  
হলে ভিপি-সহ ১০টি আসন লাভ  
করেছে।

গতকাল শাস্তিপূর্ণভাবে প্রকৌশল  
বিষ্঵বিদ্যালয় ছাত্র সংসদ (ইউকসু) ও ৮টি  
হল সংসদ নির্বাচন সম্পন্ন হয়।

প্রতিটি হলের কমনক্ষমে সকাল ৮টা  
থেকে দুপুর ১টা পর্যন্ত ভোট প্রহণ চলে।

বিকেল ৩টায় ভোট গণনা শুরু হয়।

ইউকসুর ৭টি পদে ৪টি পরিষদ অবতীর্ণ  
হয়। পরিষদগুলো ছিলো—

জাতীয়তাবাদী ছাত্র দলের সাগর-ডিজেল  
পরিষদ, শিবিরের হাবিল-কামরুল  
পরিষদ, ছাত্র লীগ (সু-র) ও ছাত্র  
ইউনিয়নের খোকন-সবুর পরিষদ, ছাত্র  
লীগ (মু-না), জাতীয় ছাত্র লীগ ও  
সমাজতাত্ত্বিক ছাত্র ফন্টের সেলিম-রানা  
পরিষদ।